ধর্ষণের প্রতিবাদে গাংনীতে মানব বন্ধন

সারাদেশে অব্যাহত ধর্ষণের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানব বন্ধন করেছে স্টুডেন্ট ইউনিয়ন। শনিবার বেলা ১১টার দিকে স্থানীয় শহীদ রেজাউল চত্ত্বরে উপজেলা স্টুডেন্ট ইউনিয়নের আহবায়ক সামিউজ্জামানের নেতৃত্বে অনুষ্ঠিত হয়। মানব বন্ধনে ধর্ষকদের মৃত্যুদন্ড ও তা এক মাসের মধ্যে কার্যকর করার দাবী জানানো হয়।

মানববন্ধন ও সমাবেশে বক্তব্য রাখেন, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, রফিকুল ইসলাম বকুল সহ উপজেলা স্টুডেন্ট ইউনিয়নের সদস্য বৃন্দ। বক্তারা বলেন, টিভির পর্দা আর পত্রিকা খুললেই দেখতে পাওয়া যায় দেশে ধর্ষণ ও খুনের ঘটনা। এসব ঘটনায় দোষিদেরকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড ও তা এক মাসের মধ্যে কার্যকর করার দাবীও জানান বক্তারা।

মেহেরপুর কারাগারে কয়েদীর মৃত্যু

মেহেরপুর জেলখানায় আটক একটি খুনের মামলার আসামি লিয়াকত হোসেন মৃত্যুবরণ করেছেন। শনিবার ভোরের দিকে লিয়াকত আলি হঠাৎ করে অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

লিয়াকত আলী চুয়াডাঙ্গার ইসলামপাড়ার আকবর আলী মন্ডল এর ছেলে। লিয়াকত আলীর দ্বিতীয় স্ত্রী তহুরা খাতুন জানান, চুয়াডাঙ্গার ডিঙ্গেদহ গ্রামের আলম হত্যার পলাতক আসামি ছিল। প্রায় এক যুগ আগে ওই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল। সে থেকে লিয়াকাত তার দ্বিতীয় স্ত্রী তহুরার বাড়ি গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামে অবস্থান ছিল।

গোপন সূত্রে খবর পেয়ে গাংনী থানার পুলিশ প্রায় ২২দিন আগে তাকে আটক করে,পরে মেহেরপুর আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। লিয়াকত আলীর ২ স্ত্রী,৩ ছেলে ৫ মেয়ে রয়েছে।

মেহেরপুরের জেলার সৈয়দ হাসান জানান, ভোরের দিকে হঠাৎ করে অসুস্থ হয়ে পড়ার পর তাকে হাসপাতালে নেয়া হলে সেখানে তার মৃত্যু হয়। তিনি আরো জানান ময়না তদন্ত শেষে তার লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

অসহায় বৃদ্ধার ঘর তৈরি করে দিলেন কালীগঞ্জ পৌর মেয়র

তানজির রহমান, কালীগঞ্জঃ কালীগঞ্জ পৌরসভা ৮ নং ওয়ার্ডের ঈশ্বরবা গ্রামের বাসিন্দা রাবেয়া খাতুন, স্বামী মারা গেছেন অনেক আগে। নিজের বসবাসের জন্য তেমন কোনো ঘর ছিলো না, যা ছিলো তার চাল দিয়ে বৃষ্টি হলেই টপ টপ করে পানি পড়ত ঘরের বিভিন্ন জায়গায়।

জীবনের এই শেষ সময়ে এসে অনেকটা আত্মবিশ্বাস নিয়েই অতি কষ্টে পায়ে হেঁটে এসেছিলেন কালীগঞ্জ পৌরসভা অফিসে মেয়র কে খুঁজতে, অতঃপর মেয়র আশরাফুল আলম আশরাফের সাথে তিনি তার কষ্টের কথা বলেন এবং মেয়র তার কথাগুলো শুনে কষ্ট পান এবং দরিদ্র মহিলার জন্য একটি ঘর বানিয়ে দেওয়ার আশ্বাস দেন, মেয়র আশরাফ নিজের টাকা ব্যায় করে সাধ ও সাধ্যের মধ্য একটি ঘর করে দেন বৃদ্ধাকে। ঘর পেয়ে বৃদ্ধা বলেন, অত্যন্ত খুশি হয়েছেন মাথা গোঁজার ঠাঁই পেয়ে, তিনি মেয়র আশরাফের মঙ্গল ও দীর্ঘায়ু কামনা করেন।

এছাড়াও বিভিন্ন সময় কালীগঞ্জ পৌরসভার মেয়র মোঃ আশরাফুল আলম (আশরাফ) দরিদ্র ও অসহায় মানুষের খাদ্য, নগদ অর্থ ও কর্মসংস্থান এর ব্যাবস্থা করে পৌর এলাকায় সমাদৃত হয়েছেন।

তদারকির অভাবে নষ্ট হচ্ছে বেসিনগুলো!

করোনাকালিন সময়ে স্বাস্থ্য সুরক্ষা ও করোনা প্রতিরোধের কারনে সরকারি লক্ষ লক্ষ টাকা খরচ করে বিভিন্ন স্থানে তৈরি করা হয়েছে হাত ধোয়া বেসিন। যথাযথ দেখভালের অভাবে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে এইসব বেসিনগুলো। সাবান পানি সংকটে ভুগছে অধিকাংশই। কোন কোন বেসিনে পড়েছে ময়লার স্তুপ ব্যবহার হচ্ছে ডাস্টবিন হিসেবে।

জানা গেছে, করোনা প্রতিরোধের অংশ হিসেবে মেহেরপুর জেলার বিভিন্ন জায়গায় গত জুন মাসের শেষের দিকে ৫ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে ১৯টি হাত বেসিন নির্মান করে মেহেরপুর জনস্বাস্থ্য বিভাগ। তিন মাস যেতে না যেতেই বেহাল দশা সব গুলোর। কোনটাই পানি আছে তো সাবান নেই, আবার কোনটাই টুকরো করা সাবান থাকলেও নেই পানির ব্যবস্থা। জন সাধারণ চাইলেও ব্যবহার করতে পারছেনা বেসিন গুলো। হাতে গোনা দুয়েকটা মোটামুটি ব্যবহার হলেও পরিত্যক্ত বাকি গুলো। ফলে যে উদ্দেশ্য নিয়ে সরকার লক্ষ লক্ষ টাকা খরচ করছে তা পুরণ হচ্ছে না।

করোনা ভাইরাস প্রতিরোধে ২০১৯-২০ অর্থবছরে জনস্বাস্থ্য প্রকোশল অধিদপ্তর, মেহেরপুর জেলা ও বিভিন্ন উপজেলায় হ্যান্ড ওয়াশ বেসিন নির্মানের উদ্যোগ নেয়। ইতিমধ্যে জেলায় ১৯ টি নির্মানকাজ শেষ হয়েছে। এর মধ্যে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়, সিভিল সার্জন অফিস, পুলিশ লাইন, সদর থানা, সদর হাসপাতালে, মেহেরপুর ডায়বেটিক হাসপাতাল, গড় মসজিদ, মা ও শিশু কল্যাণ হাসপাতালে, ডিপিএইচই অফিস, মেহেরপুর আইনজীবি সমিতির অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও সাব-রেজিষ্ট্রি কার্যালয়ে ১টি করে বেসিন নির্মান করে জনস্বাস্থ্য প্রকৌশলী।

গাংনীতে উপজেলা পরিষদে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, বাসস্ট্যান্ড বাজারে ১টি করে বেসিন নির্মান করেছে জনস্বাস্থ্য প্রকৌশলী। মুজিবনগরে উপজেলা পরিষদে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও মুজিবনগর থানায় ১টি করে নির্মান করা হয়েছে। এছাড়াও গাংনী পৌরসভায় আরও ৫টি নির্মান কাজ চলমান রয়েছে।

এইসব বেসিন গুলো স্ব স্ব প্রতিষ্ঠানসহ জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের দেখভাল করার দায়িত্ব। প্রথম পর্যায়ে বেশ তদারকি থাকলেও এখন তেমন একটা তদারকি নেই। ফলে সরকারি অর্থায়নে তৈরি করা বেসিন গুলো প্রায় অচলাবস্থা।

মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা জানান, মুজিবনগরে ৩টি বেসিন নির্মান করেছে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর মেহেরপুর। এর মধ্যে থানায় যেটি নির্মান করা হয়েছে সেটা মোটামুটি ব্যবহারে হলেও উপজেলা পরিষদ ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বেসিন অচল অবস্থায় পড়ে আছে। মুজিবনগরে করোনা পরিস্থিতি অনেকটা স্বাভাবিক হয়েছে বলে এই বেসিন গুলো তেমন ব্যবহার হচ্ছে না ।

মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার জানান, এটা দেখভাল করার দায়িত্ব আমাদের সবার। বিষটি আমার নজরে ছিল না। আমি এটি ব্যবহার যোগ্য করার ব্যবস্থা নিচ্ছি।

গাংনী প্রতিনিধি আক্তারুজ্জামান জানান, গাংনীতে জনস্বাস্থ্য প্রকোশলীর নির্মান করা ৩টি বেসিনই অচল হয়ে পড়ে আছে। সাবান-পানির অভাবে চাইলেও ব্যবহার করতে পারছে না অনেকেই। এছাড়াও আরও তিনটি বেসিন নির্মান কাজ চলমান রয়েছে। যেগুলো নিম্নমানের সামগ্রী দিয়ে নির্মান করা হচ্ছে। প্রতিটির জন্য বরাদ্দ প্রায় ৩০ হাজার করে হলেও অর্ধেক খরচে বানাচ্ছে ঠিকাদার।

এ বিষয়ে মেহেরপুর জনস্বাস্থ্য অধিদপ্তর নির্বাহী প্রকৌশলী আশরাফ আলী জানান, বেসিন গুলো তদারকি করার দায়িত্ব স্ব স্ব প্রতিষ্ঠানসহ জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়েরও। আমরা আরও চাহিদা দিয়েছি অল্পদিনের মধ্যে আরও কিছু বেসিন নির্মান করা হবে। আমরা সব গুলোই তদারকি করছি।

মেহেরপুরে সবজির দাম উর্ধমুখি

সবজি চাষে অনন্য মেহেরপুর জেলা। চলতে মৌসুমে অতিবৃষ্টিতে সবজি উৎপাদনে ধ্বস নামায় চাহিদার তুলনায় যোগান দিতে পারছেন না চাষীরা। ফলে সবজির দাম প্রতিনিয়ত বেড়ে চলেছে। গত কয়েক বছরে

মেহেরপুরের বাজারে সবজির দাম এই পরিমাণে বৃদ্ধি পায়নি। গেল এক সপ্তাহে প্রতিটি সবজির দাম বেড়েছে কেজিতে কমপক্ষে ১০ টাকা।

জেলার বিভিন্ন গ্রাম থেকে চাষীরা সবজি উৎপাদন করে বিক্রি করেন মেহেরপুরে কাচা বাজারের আড়ত পট্টিতে। সেই আড়ত থেকে খুচরা ব্যবসায়ী কিনে নিয়ে বিক্রি করেন মাত্র কয়েক গজ দূরত্বের কাচা বাজারে। আর এই দূরত্বে প্রতি কেজি সবজির দাম বেড়ে যায় কমপক্ষে ১০ থেকে ২০ টাকা।

গতকাল শুক্রবার মেহেরপুরের বড়বাজারের কাচা পট্টি ও আড়ত পট্টিতে গিয়ে জানা গেছে, প্রতি কেজি শশার পাইকারি মূল্য ৬০ টাকা, খুচরা মূল্য ৮০, পটল পাইকারি মূল্য ৪৫ টাকা, খুচরা মূল্য ৬০, করলা পাইকারি মূল্য ৫০, খুচরা মূল্য ৫৫ টাকা, কাকরুল পাইকারি মূল্য ৪০টাকা খুচরা মূল্য ৫০, বেগুন পাইকারি মূল্য ৫০ টাকা খুচরা মূল্য ৬০, আলু পাইকারি মূল্য ৩৩ টাকা, খুচরা মূল্য ৩৮, কচু পাইকারি মূল্য ২৫ টাকা, খুচরা মূল্য ৩০, পিয়াজ পাইকারি মূল্য ৬০ টাকা, খুচরা মূল্য ৮০, রসুন পাইকারি মূল্য ৮০ টাকা, খুচরা মূল্য ৯০, পেঁপে পাইকারি মূল্য ২০ টাকা, খুচরা মূল্য ৩০, আগাম বাঁধা কপি পাইকারি মূল্য ২০ টাকা, খুচরা মূল্য ৩০, গাজর পাইকারি মূল্য ১০৫ টাকা, খুচরা মূল্য ১২০, টমেটো পাইকারি মূল্য ৯০ টাকা, খুচরা মূল্য ১১০, লাউ পাইকারি মূল্য ৪২ টাকা, খুচরা মূল্য ৫০, ঢেড়স পাইকারি মূল্য ৩৫ টাকা, খুচরা মূল্য ৪৫, ঝিঙা পাইকারি মূল্য ৪০টাকা, খুচরা মূল্য ৫০, কাঁচা মরিচ পাইকারি মূল্য ১৪০ টাকা, খুচরা মূল্য ১৬০ টাকা করে বিক্রি হচ্ছে।

শুকচাঁদ সবজি ভান্ডারের মালিক শফিকুল ইসলাম ও আবুল কাশেম জানান, গত সপ্তাহের তুলনায় এই সপ্তাহে কাচামালের যোগানের তুলনায় চাহিদা বেশি থাকায় প্রতিটি সবজি ১০ থেকে ১৫ টাকা দাম বৃদ্ধি পেয়েছে। অতি বর্ষার কারণে ফসল নষ্ট হওয়ায় আগের তুলনায় এখন কৃষকরা কম পরিমান কাচামাল বাজারে নিয়ে আসছে। কাচামালের দাম বেশি হওয়ার প্রধান কারণ হলো ক্রেতাদের চাহিদা অনুযায়ী উৎপাদন কম হচ্ছে।

মিরাজুল ইসলাম নামের এক ক্রেতা জানান, গত সপ্তাহের তুলনায় এ সপ্তাহে প্রতিটি সবজি দাম ১০ থেকে ১৫ টাকা বেশি।

ঢাকার কাচামাল ব্যবসায়ী মামুন মেহেরপুর থেকে সবজি কিনতে জানান, আমি করলা এবং পটল কিনে ঢাকায় পাঠায়। প্রতিদিন ৮০০ কেজি সবজি পাঠায় কিন্তু বাজারের কাচামালের যোগান কম থাকায় ২০০ কেজি পাঠাতে

হচ্ছে।

কাঁচা বাজারের খুচরা ব্যবসায়ী শামীম আহমেদ এবং রিন্টু হোসেন জানান, যে পরিমান কাঁচামাল বাজারে আসছে তার অধিকাংশ ঢাকা, বরিশাল, খুলনা, চট্টগ্রামসহ জেলার বাহিরে চলে যাচ্ছে। চাহিদা অনুযায়ী আমরা কাঁচামাল পাচ্ছি না। সে কারণে সব রকম সবজির দাম একটু বেশি।

মুজিবনগরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ২৫০শ গ্রাম গাঁজাসহ নাজিম(৫৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে শুক্রবার দিবাগত রাতে রামনগর থেকে তাকে আটক করা হয়।

আটক নাজিম উদ্দীন মুজিবনগর উপজেলার রামনগর গ্রামের মৃত ছুরমান মন্ডলের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামী নাজিম উদ্দীনের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও দুইটি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব

এর উপদেষ্টা ও নির্বাহী কমিটির সভা

ঢাকাস্থ মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব এর উপদেষ্টা ও নির্বাহী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকাল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত ঢাকার অদুরে পূর্বাচলের একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সভাপতি জনাব সেলিম আহমেদ।

সভায় মুখ্য আলোচক ছিলেন মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক জনাব এমএএস ইমন।

আলোচনায় অংশগ্রহন করেন ক্লাবের সিনিয়র সহ সভাপতি জনাব আহসান হাবিব, সহ সভাপতি জনাব বুলবুল আহমেদ, সহ সভাপতি জনাব শাহিনুজ্জামান, সহ সভাপতি এডভোকেট মাহমুদুর রহমান মিলন, অর্থ সম্পাদক জনাব মাসুদ রেজা, নির্বাহী পরিচালক জনাব বিকলুস আহমেদ ।

এছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের সম্মানিত উপদেষ্টা মেহেরপুর ২ আসনের সাবেক সাংসদ জনাব আঃ গনি, এডভোকেট আঃ সালাম, রফিকুল ইসলাম পথিক, সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব আবু হেনা ও জনাব লিটন।

মুক্ত আলোচনায় অংশগ্রহন করেন ক্লাবের যুগ্ম সম্পাদক এমএম নুর ইসলাম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক সাখাওয়াত হোসেন পিন্টু, শারমিন রত্না, তসলিমা আক্তার, ডলার শেখ, নয়ন ওসমান, দেলোয়ার হোসেন, জামিলুর রহমান সহ আরও অনেকে।

সভায় ক্লাবের পূর্ববতী কাজের মূল্যায়ন এবং পরবর্তী পরিকল্পনা সম্পর্কে প্রানবন্ত আলোচনা হয়। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ক্লাবের মুখপাত্র সিনিয়র সহকারী জজ মিল্টন এইচ বিশ্বাস।

গাংনীতে আন্তর্জাতিক অহিংস দিবস পালিত

আসুন আমরা মানববন্ধনে দ্বারানো লোক গুলো হিংসা, বিদ্বেষ ভুলে যায়। আমরা রাতের বেলায় একটু নিরিবিলি ভাবি, আমরা কতটা সঠিক পথে আছি। ভুল থাকলে একটু একটু করে শুধরে নিয়ে দেশ ও জাতির কল্যাণে সকলে একসাথে কাজ করি।
“সংঘাত নয় সম্প্রীতি” শ্লোগানে মেহেরপুরের গাংনীতে আন্তর্জাতিক অহিংস দিবস উপলক্ষে পিএফজি আয়োজিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন এ কথাগুলো বলেন।
পিস ফ্যাসিলিটেটর গ্রুপের উপজেলা কমিটির সভাপতি আব্দুর রশিদের নেতৃত্বে গতকাল শুক্রবার সকাল ১০ টায় গাংনী বাসস্ট্যান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে জেলা কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরামের সভাপতি সিরাজুল ইসলাম, পিএফজির আ্যম্বাসেডর বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, পৌর প্যানেল মেয়র নবীরুদ্দীন, বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপন, জেলা ওয়ার্কাস পাটির সাবেক সভাপতি কমরেড জালাল, ওয়াকার্সপটি (মার্কস)বাদি নেতা হাসেম আলী ও দি হাঙ্গার প্রজেক্টের গাংনী সমন্বয়কারী হেলাল উদ্দীনসহ স্থানীয় বিভিন্ন সেচ্ছাসেবী ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আমঝুপি ইউনিয়ন যুবলীগের বিশেষ আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন আওয়ামী যুবলীগের বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকালে আমঝুপি নীলকুঠি প্রাঙ্গণে বিশেষ আলোচনা সভায় সভাপতিত্ব করেন আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি শামসুজ্জামান চমন। ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম তারিকের সঞ্চালনায়

অনুষ্ঠানে বক্তব্য দেন, আওয়ামী লীগ নেতা আবু সিদ্দিক মন্টু, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি এস আই রিঙ্কু মাহমুদ, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি সদস্য আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম সবুজ, সদর থানা ছাত্রলীগের সাবেক যুগ্মসাধারণ সম্পাদক ইমন, ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি সাহাবুল ইসলাম, ওয়ার্ড যুবলীগের সভাপতি সভাপতি আবু সিদ্দিক পচা, আরিফুল ইসলাম আরিফ,নাসিবুল ইসলাম, আব্দুর রশিদ, রেজাউল হক মুকুল, ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক,, পান্না, হাফিজুর রহমান মিঠু, তিতাস, প্রমুখ।
এসময় আমঝুপি ইউনিয়ন যুবলীগের প্রতিটি ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে মোটরসাইকেলের ধাক্কায় ইজিবাইক চালক নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে মোটরসাইকেলের ধাক্কায় জহিরুল ইসলাম (৬২) নামে এক ইজিবাইক চালক নিহত হয়েছে। শুক্রবার সকালে শহরের ব্রীজঘাট এলাকার বাইতুল মামুর মসজিদের কাছে এদূর্ঘটনা ঘটে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার সকাল ৯ টার দিকে ইজিবাইক চালক জহিরুল হাসপাতালে রোগী নামিয়ে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে ব্রীজ ঘাট এলাকায় বাইতুল মামুর মসজিদের পাশে গাড়ী রেখে রাস্থা পার হচ্ছিলেন।

এ সময় দ্রতগামী একটি ডায়াং ৫০ সিসির মোটরসাইকেল (ঝিনাইদহ এ-১১-০৬৭৮) জহিরুল কে সজোরে ধাক্কা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক ডাঃ কৃষ্ণ কমল পাল তাকে মৃত ঘোষণা করেন।

নিহত জহিরুল চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার আন্দুলবাড়ীয়া

গ্রামের স্টেশন পাড়ার মৃত নূরুল হুদা সরকারের পুত্র।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, দূর্ঘটনার পর মটর সাইকেল ফেলে চালক পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে পুলিশ মোটরসাইকেলটি জব্দ করে থানা হেফাজতে নিয়েছে।